


৪৫



বিশ্ববিদ্যালয়ে হত্যা ও সন্ত্রাসের প্রতিবাদে মৌনমিছিল ॥ আজ ছাত্র ধর্মঘট

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)
ডাকসু নির্বাচনের প্রতিক্রিয়া হিসেবে বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে হত্যা, ছাত্রীদের ওপর হামলা ও সন্ত্রাস সৃষ্টির প্রতিবাদে কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ ঘোষিত কর্মসূচীর অংশ হিসেবে গতকাল বিশ্ববিদ্যালয়ে কালো পতাকা উত্তোলন, কালো ব্যাজ ধারণ এবং ওইদিন নিহত কফিল স্মরণে (শেষ পৃ: ২-এর ক: প্র:)

ছাত্র ধর্মঘট

(১ম পাতার পর)
রাজধানীতে মৌন শোক মিছিল হয়েছে।

কর্মসূচীর শেষ দিনে আজ সারাদেশে ছাত্র ধর্মঘট ও বিকোভ মিছিল করার ডাক দেয়া হয়েছে। গতকাল শনিবার সকালে বিশ্ববিদ্যালয় থেকে শোক মিছিল শুরু হবার আগে মধুর ক্যান্টিন প্রাঙ্গণে এক ছাত্রসভা অনুষ্ঠিত হয়।

পরিষদের পক্ষে সভায় বক্তৃতা রাখেন ছাত্র ইউনিয়নের সভাপতি মো: তাহের উল্লাহ। তিনি বলেন, ক্যাম্পাসে সূচু পরিবেশ এখনো ফিরে আসেনি। তিনি যে কোন উদ্ধারের মুখে শান্ত থাকার জন্য পরিষদ কর্মীদের প্রতি আহ্বান জানান।

সভা থেকে আগামী ১৩ই ফেব্রুয়ারী বৃহস্পতি দিবস এবং ১৪ই ফেব্রুয়ারী জাফর জয়নাল দিবসের কর্মসূচী ঘোষণা করা হয়। ১৫ থেকে ২১শে ফেব্রুয়ারী অনুষ্টম কর্মসূচী পরে ঘোষণা করা হবে বলে জানানো হয়।

সভা শেষে ছাত্রছাত্রীদের শোক মিছিলটি দৌড়িয়েল চম্বর হাইকোর্ট, প্রেসক্লাব, পল্টন, বায়তুল মোকাররম, গুলিস্তান ঘুরে আবার প্রেসক্লাবে গিয়ে শেষ হয়।

প্রকৌশল বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রীদের ওপর হামলার প্রতিবাদে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংগ্রাম পরিষদ সমর্থক ছাত্রীরা গতকাল ক্যাম্পাসে মৌন মিছিল বের করে।

বিশ্ববিদ্যালয় ছাত্র সংগ্রাম পরিষদের উদ্যোগে গতকাল শহীদ মিনারে কফিল উদ্দিনের গায়েরানা জানাজার নামাজ অনুষ্ঠিত হয়।

ক্যাম্পাস পরিস্থিতি

ক্যাম্পাস পরিস্থিতি গতকালও শান্ত ছিল। অনেক ছাত্রছাত্রী ইতিমধ্যেই হল ছেড়ে চলে যাওয়ার ক্যাম্পাস প্রায় ফাঁকা। পুলিশী চহন অব্যাহত রয়েছে। রিক্সা ছাড়া অন্য কোন যানবাহনকে গতকালও ক্যাম্পাসে ঢুকতে দেয়া হয়নি।